শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# জেলা পরিষদ
## বাগেরহাট

www.zpbagerhat.gov.bd

স্মারক নং- ৪৬.৪২.০১০০.০০১.৩১.১৪.২২- ৭৩

তারিখঃ ১৭/০৪/২০২৪ খ্রিষ্টাব্দ।

এতদ্বারা প্রকৃত ইজারাদার/পেশাদার পাটনী/সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এতদ্‌সঙ্গে তালিকায় বর্ণিত জেলা পরিষদ মালিকানাধীন অত্রসাথ সংযুক্ত ১০ (দশ) টি খেয়াঘাটের মধ্যে ০৯ (নয়) টি খেয়াঘাট ২০২৪-২৫ অর্থ বছরের (০১-০৭-২০২৪ হতে ৩০-০৬-২০২৫ খ্রি.) বাং ১৭ আষাঢ়, ১৪৩১ হতে ১৬ আষাঢ়, ১৪৩২ পর্যন্ত ০১ (এক) বছরের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিরত দরপত্র ফরমে সীলমোহরকৃত খামে ইজারা দরপত্র আহবান করা যাচ্ছে।

**শর্তাবলীঃ**

০১। দরপত্র অত্র অফিসের অনুমোদন সাপেক্ষে গ্রহণ করতে হবে।

০২। দরপত্র নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দাখিল করতে হবে। দরপত্র দাতার নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা ও মোবাইল নং দরপত্র ফরমে ও খামে লিখতে হবে।

০৩। প্রতিটি দরপত্রমূল্য (অফেরতযোগ্য) অফিস চলাকালীণ সময় অত্র অফিস সহ স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট, উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর, রামপাল ও মোড়েলগঞ্জ অফিস হতে দফায় উল্লিখিত তারিখ সমূহে ক্রয় করা যাবে এবং দরপত্র সমূহ অত্র অফিসহ স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট, উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর, রামপাল ও মোড়েলগঞ্জ অফিস হতে দফায় উল্লিখিত তারিখ সমূহে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে। বিস্তারিত জানার প্রয়োজন হলে অফিস চলাকালীণ সময় জানা যাবে।

**ইজারা দরপত্র ফরম ক্রয়, দাখিল ও খোলার সময়সূচী**

| বিজ্ঞপ্তির দফা | দরপত্র সিডিউল ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র সিডিউল দাখিলের শেষ তারিখ ও সময় | দরপত্র সিডিউল ক্রয় ও দাখিলের স্থান | দরপত্র সিডিউল বাক্স খোলার তারিখ, সময় ও স্থান |
|---|---|---|---|---|
| ১ম দফা | ০৫-০৫-২০২৪ খ্রি. | ০৬-০৫-২০২৪ খ্রি. | জেলা পরিষদ কার্যালয়, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট, উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর, রামপাল ও মোড়েলগঞ্জ। | ০৬-০৫-২০২৪ খ্রি. বেলা ২.০০ টা জেলা পরিষদ, বাগেরহাট |
| ২য় দফা | ১৯-০৫-২০২৪ খ্রি. | ২০-০৫-২০২৪ খ্রি. | -ঐ- | ২০-০৫-২০২৪ খ্রি. বেলা ২.০০ টা জেলা পরিষদ, বাগেরহাট |
| ৩য় দফা | ২৯-০৫-২০২৪ খ্রি. | ৩০-০৫-২০২৪ খ্রি. | -ঐ- | ৩০-০৫-২০২৪ খ্রি. বেলা ২.০০ টা জেলা পরিষদ, বাগেরহাট |
| ৪র্থ দফা | ০৯-০৬-২০২৪ খ্রি. | ১০-০৬-২০২৪ খ্রি. | -ঐ- | ১০-০৬-২০২৪ খ্রি. বেলা ২.০০ টা জেলা পরিষদ, বাগেরহাট |
| ৫ম দফা | ১৯-০৬-২০২৪ খ্রি. | ২০-০৬-২০২৪ খ্রি. | -ঐ- | ২০-০৬-২০২৪ খ্রি. বেলা ২.০০ টা জেলা পরিষদ, বাগেরহাট |

০৪। ১ম দফায় যে সকল খেয়াঘাটের দরপত্রমূল্য সন্তোষজনক হবে, সেগুলো অনুমোদনের জন্য রাখা হবে এবং যে সকল খেয়াঘাটের দরপত্রমূল্য সন্তোষজনক হবে না, সেগুলো যথাক্রমে ৫ম দফায় নির্ধারিত তারিখ দরপত্র গ্রহণ করা হবে এবং ঐগুলোর তালিকা উপস্থিত সকলকে জানিয়ে দেয়া হবে। অনুরূপভাবে একই পদ্ধতিতে প্রয়োজন অনুসারে ৫ম দফা পর্যন্ত দরপত্র গ্রহণ করা হবে। এক্ষেত্রে পুনরায় কোন দরপত্র বিজ্ঞপ্তি জারী করা হবে না।

০৫। খেয়াঘাট ইজারায় আগ্রহী জন্মগত পেশাদার পাটনী/সর্বসাধারনের সমর্থনে তার বর্তমান পেশার বিবরণসহ সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র, ভোটার আইডি কার্ডের সত্যায়িত ফটোকপি দরপত্রের সাথে দাখিল করতে হবে।

০৬। দরপত্রদাতাকে তার স্ব-স্ব পৌরসভা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদেয় নাগরিকত্ব সনদপত্র দরপত্রের সাথে দাখিল করতে হবে।

০৭। দাখিলকৃত দরপত্রের সঙ্গে উদ্ধৃতমূল্যের ১০০% টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট-এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

০৮। যার দরপত্র অনুমোদিত হবে তাকে তার দাখিলকৃত দরপত্রে উদ্ধৃতমূল্যের উপর বিধি মোতাবেক ১৫% ভ্যাট ও ১০% আয়কর সংশ্লিষ্ট খাতে সোনালী ব্যাংক, বাগেরহাট শাখায় ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করে চালানের মূল কপি অত্র অফিসে দাখিল করতে হবে।

চলমান-০২

০৯। দরপত্রে উল্লেখিত উদ্ধৃতমূল্য স্পষ্ট অক্ষরে অংকে এবং কথায় লিখতে হবে।

১০। দরপত্র যথাযথভাবে পূরণ এবং স্বাক্ষর করতে হবে। দরপত্রে কাটাকাটি থাকলে তা দরপত্রদাতা কর্তৃক স্বাক্ষর করতে হবে। অন্যথায় তার দাখিলকৃত দরপত্র বাতিল বলে বিবেচিত হবে।

১১। যার দরপত্র গৃহীত/অনুমোদিত হবে তাকে কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে বিধি মোতাবেক ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট এর সাথে খেয়াঘাট ইজারা চুক্তিনামা সম্পাদন করতে হবে।

১২। ইজারাদার কোনক্রমেই ইজারা প্রাপ্ত খেয়াঘাটটি অন্য কারও নিকট উপবন্দোবস্ত (সাবলীজ) প্রদান করতে পারবেন না। ইজারাদার আইন বহির্ভূত কোন কার্যকলাপে লিপ্ত হলে বা ইজারা চুক্তিনামার কোন শর্ত ভঙ্গ করলে তার ইজারামূল্য বাজেয়াপ্তসহ ইজারার আদেশ বাতিল করা হবে।

১৩। ইজারাদারকে সর্বনিম্ন ০৬(ছয়) টন ভার বহন করা যায় এমন নৌকা (যন্ত্রচালিত) দ্বারা কমপক্ষে ০২(দুই) খানা ট্রলার খেয়া পারাপারের কাজে ব্যবহার করতে হবে।

১৪। যন্ত্রচালিত প্রতি ট্রলারে সর্বোচ্চ ২৫ থেকে ৩০ জনের বেশি যাত্রী বহন করা যাবে না।

১৫। ট্রলার চালানো দক্ষ ও অভিজ্ঞ সম্পন্ন মাঝি দ্বারা সর্বোচ্চ সতর্কতা অবলম্বনপূর্বক যাত্রী বহনকারী ট্রলার চালাতে হবে।

১৬। জেলা পরিষদ হতে প্রদত্ত রেট চার্ট অনুযায়ী টোল রেট আদায় করতে বাধ্য থাকতে হবে এবং খেয়াঘাটের উভয় পাড়ে প্রকাশ্য স্থানে রেট চার্ট টানাতে হবে।**

১৭। খেয়াঘাট জেলা পরিষদের সম্পত্তি বিবেচনা করে সঠিকভাবে রক্ষনাবেক্ষন করতে হবে এবং যাত্রী সাধারনের খেয়াঘাটে উঠানামার ব্যবস্থা করতে হবে।

১৮। দরপত্র দাখিলের পূর্বে খেয়াঘাটটি সরেজমিন পরিদর্শন করে দরপত্র দাখিল করতে হবে। পরবর্তীতে খেয়াঘাটের বিষয় কোন ওজর আপত্তি গ্রহণ করা হবে না।

১৯। কোন শর্তযুক্ত দরপত্র গ্রহণ করা হবে না।

২০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ/স্থগিত বা সমুদয় দরপত্র বাতিল করার ক্ষমতা জেলা পরিষদ, বাগেরহাট কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

১৭/০৪/২৪
ঝুমুর বালা
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃ)
জেলা পরিষদ, বাগেরহাট
ফোনঃ ০২-৪৭৭৭৫২৪৮১।

স্মারক নং- ৪৬.৪২.০১০০.০০১.৩১.১৪.২২- ৭৬ (১৮)

তারিখঃ ১৭/০৪/২০২৪ খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় অবগতির জন্য (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, বাগেরহাট।
০৪। মেয়র, বাগেরহাট, মোড়েলগঞ্জ পৌরসভা।
০৫। জেলা প্রশাসক, বাগেরহাট।
০৬। পুলিশ সুপার, বাগেরহাট।
০৭। উপপরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।
০৮। সিভিল সার্জন, বাগেরহাট।
০৯। নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/পানি উন্নয়ন বোর্ড, বাগেরহাট।
১০। উপজেলা চেয়ারম্যান, বাগেরহাট সদর, রামপাল ও মোড়েলগঞ্জ।
১১। উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর, রামপাল ও মোড়েলগঞ্জ।
১২। সহকারী কমিশনার(ভূমি), বাগেরহাট সদর, বাগেরহাট।
১৩। সাব-রেজিষ্ট্রার, বাগেরহাট সদর, বাগেরহাট।
১৪। অফিসার ইন চার্জ, বাগেরহাট সদর মডেল থানা, রামপাল ও মোড়েলগঞ্জ।
১৫। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, বাগেরহাট।
১৬। প্রশাসনিক কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট।
১৭। হিসাবরক্ষক, জেলা পরিষদ, বাগেরহাট।
১৮। অফিস কপি/নোটিশ বোর্ড/ওয়েবসাইট।

১৭/০৪/২৪
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃ)
জেলা পরিষদ, বাগেরহাট
ফোনঃ ০২-৪৭৭৭৫২৪৮১।

২০২৪-২৫ অর্থ বছরে বাগেরহাট জেলা পরিষদ মালিকানাধীন ১০টি খেয়াঘাটের মধ্যে ক্রমিক নং-০৩ এ উল্লেখিত মোড়েলগঞ্জ উপজেলাধীন ফুলহাতা খেয়াঘাটটি বাংলাদেশ সুপ্রিম কোর্টের মহামান্য হাইকোর্ট ডিভিশনের রিট পিটিশন নং-৭১৩৪/২০২২ মামলা থাকায় ইজারা প্রদান কার্যক্রম স্থগিত রয়েছে।

## ১০টি খেয়াঘাটের সরকারী সম্ভাব্য ইজারামূল্য নিম্নরূপঃ

| ক্রঃ নং | উপজেলার নাম | খেয়াঘাটের নাম | শ্রেণী | সিডিউলমূল্য (অফেরতযোগ্য) | ২০২৪-২৫ অর্থ বছরের সরকারী সম্ভাব্য ইজারামূল্য |
|---|---|---|---|---|---|
| ০১. | মোড়েলগঞ্জ | বলাইবুনিয়া খেয়াঘাট | ১ম শ্রেণী | ১,০০০/- | ৯,২৫,৫৪১/- |
| ০২. | -ঐ- | মোড়েলগঞ্জ (হাসপাতাল সংলগ্ন) খেয়াঘাট | ১ম শ্রেণী | ১,০০০/- | ৬,২৯,২০০/- |
| ০৩. | -ঐ- | ফুলহাতা খেয়াঘাট | ২য় শ্রেণী | ৬০০/- | ২,১৭,৭৬৪/- |
| ০৪. | রামপাল | রামপাল খেয়াঘাট | ২য় শ্রেণী | ৬০০/- | ৯,০৭,৫০০/- |
| ০৫. | -ঐ- | বড়দিয়া খেয়াঘাট | ৩য় শ্রেণী | ৩০০/- | ২৭,২৮০/- |
| ০৬. | বাগেরহাট সদর | নাগেরবাজার খেয়াঘাট | ২য় শ্রেণী | ৬০০/- | ২,৮৪,৩৫০/- |
| ০৭. | -ঐ- | সুপারিপট্টী খেয়াঘাট | ২য় শ্রেণী | ৬০০/- | ২,৬৮,৬২০/- |
| ০৮. | -ঐ- | লোকাল বোর্ড খেয়াঘাট | ২য় শ্রেণী | ৬০০/- | ৩,১০,৮৮৮/- |
| ০৯. | -ঐ- | মুনিগঞ্জ খেয়াঘাট | ২য় শ্রেণী | ৬০০/- | ৩,১৮,৭৫৩/- |
| ১০. | -ঐ- | দড়াটানা খেয়াঘাট | ২য় শ্রেণী | ৬০০/- | ৬,২৭০/- |

১৭।০৪।২৪

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃ)
জেলা পরিষদ, বাগেরহাট
ফোনঃ ০২-৪৭৭৭৫২৪৮১।